গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

জরুরী

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৪.১৭. ১৬১৭ তারিখঃ ৯/৪/১৮

বিষয়: পহেলা বৈশাখ-১৪২৫ উদ্‌যাপন উপলক্ষে ছায়ানট কর্তৃক রমনা বটমূলে আয়োজিত বর্ষবরণ অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।

আগামী পহেলা বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ (১৪ এপ্রিল ২০১৮ খ্রি.), শনিবার সকাল ৬ টা ১০ মিনিটে জাতীয়ভাবে বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে ছায়ানট কর্তৃক রমনা বটমূলে বর্ষবরণ অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। **বর্ষবরণ অনুষ্ঠানটি বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে ও এফ.এম ৯৭.৬ মেগাহার্জে, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফ.এম. ৮৮.৮ মেগাহার্জে এবং বাংলাদেশ বেতারের ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে। বাংলাদেশ বেতারের অন্যান্য আঞ্চলিক কেন্দ্রের এফ.এম ফ্রিকোয়েন্সিতে অনুষ্ঠানটি একযোগে রীলে হবে। তবে সংশ্লিষ্ট কেন্দ্রের এফ.এম ফ্রিকোয়েন্সিতে বিবিসি-র অনুষ্ঠান এবং ট্রাফিক সম্প্রচার কার্যক্রম থেকে সকাল ৭টার সংবাদ যথারীতি প্রচার হবে। এ সময় আঞ্চলিক কেন্দ্রসমূহের বিকল্প এফ.এম ফ্রিকোয়েন্সিতে (যদি থাকে) বর্ষবরণ অনুষ্ঠান প্রচার হবে।**

২। উক্ত অনুষ্ঠানের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা ছায়ানট কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক সমন্বয় করে অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।

৩। উক্ত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারকালীন ট্রাফিক সম্প্রচার কার্যক্রমসহ সংশ্লিষ্ট অন্যান্য ফ্রিকোয়েন্সির পূর্বনির্ধারিত অনুষ্ঠান (বিবিসি-র অনুষ্ঠান ব্যতীত) প্রচার বন্ধ থাকবে।

৪। অনুষ্ঠান সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে ভোর ৫টা ৪০মিনিটে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে। এক্ষেত্রে যেসকল আঞ্চলিক কেন্দ্রে সকালের অধিবেশন চালু থাকে না সেসকল কেন্দ্র ট্রান্সমিটার চালু করে ঢাকা কেন্দ্র-কে অনুসরণ করবে।

৫। অনুষ্ঠানটি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র-রমনা বটমূল, ঢাকা থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন এবং স্যাটেলাইটের মাধ্যমে আঞ্চলিক কেন্দ্রসমূহ পর্যন্ত বর্ণিত অনুষ্ঠান প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। টেলিফোন সংযোগের ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা-এর টেলিফোন খাত থেকে নির্বাহ হবে।

৬। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং রীলের ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক প্রকৌশলীগণ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৭। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা অনুষ্ঠানটি প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, অনুষ্ঠানটি যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগসহ প্রয়োজনীয় সমন্বয় করবেন।

৮। অনুষ্ঠানটি সম্প্রচারের সময় ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করবে।

৯। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক কর্মকর্তা/কর্মচারী ও উপস্থাপক/উপস্থাপিকাদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন।

১০। উল্লিখিত অনুষ্ঠান যথাযথভাবে প্রচার/রীলে হচ্ছে কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট পরিচালক/আঞ্চলিক পরিচালকগণ ও স্টেশন প্রকৌশলী/আঞ্চলিক প্রকৌশলীগণ স্ব স্ব ক্ষেত্রে অনুষ্ঠান মনিটরিংপূর্বক সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক বাংলাদেশ বেতার, ঢাকা-এর সাথে প্রয়োজনীয় সমন্বয় করে অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন।

১১। জাতীয় ও স্থানীয়ভাবে বর্ষবরণ অনুষ্ঠানের ওপর প্রতিবেদন জাতীয় ও স্থানীয় সংবাদে প্রচারের জন্য পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা এবং সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-বার্তা নিয়ন্ত্রকগণ স্ব স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। অনুষ্ঠান শুরুর ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১৩। বর্ষবরণ অনুষ্ঠানস্থলে বাংলাদেশ বেতারের ফ্রিকোয়েন্সি উল্লেখপূর্বক একটি পিভিসি ব্যানার প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন-কে অনুরোধ করা হলো।

১৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫। **বাংলাদেশ বেতারের সৌজন্যে বর্ষবরণ অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য সকল বেসরকারি এফ.এম বেতার ও কমিউনিটি রেডিও প্রধানদের অনুরোধ করা হলো। তবে সংশ্লিষ্ট সকল বেসরকারি এফ.এম বেতার ও কমিউনিটি বেতার থেকে সকাল ৭টায় খবর যথারীতি প্রচার হবে।**

(সালাহউদ্দিন আহমেদ)
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান
ফোন: ০২-৪৪৮১৩০৬৭
মহাপরিচালকের পক্ষে।

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১। উপমহাপরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, ঢাকা (**দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর।
৪। পরিচালক, লিয়াজোঁ/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৫। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম।।
৬। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া।
৭। উপ-বার্তা নিয়ন্ত্রক/উপ-আঞ্চলিক প্রকৌশলী, বরিশাল/ঠাকুরগাঁও/কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কেন্দ্রীয় ভান্ডার, পাহাড়তলী, চট্টগ্রাম।